

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রশাসন -২ আধিশাখার গত ২৬ জানুয়ারী ২০১৫ তারিখের ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০(অংশ-১)-১৫ সংখ্যক স্মারকে জারীকৃত নীতিমালা এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গত ১২ জানুয়ারী ২০১৭ তারিখের ৩৮.১১৪.০০৪.০৪.০১.২৫৫.২০১৫-৪৭ সংখ্যক স্মারক নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত পদ সমূহে সাকুল্য বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী- কাম-প্রহরী পদে আউট সোর্সিংয়ের মাধ্যমে জনবল নিয়োগের জন্য সংশ্লিষ্ট স্ব- স্ব ওয়ার্ড / বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকার স্থায়ীভাবে বসবাসরত প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছক মোতাবেক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ক্রম	শিক্ষাগত যোগ্যতা	শূন্য পদ বিশিষ্ট বিদ্যালয়ের নাম
দপ্তরী-কাম-প্রহরী পদের সংখ্যা প্রতিটি বিদ্যালয়ে ১ টি করে (মোট ২৬টি)	সর্বসাকুল্যে ১৪,৪৫০/-	৮ম শ্রেণী/সমমান	১.বিজয়নগর সপ্রাবি ২.বাহাদুরপুর সপ্রাবি ৩.কদমতলী সপ্রাবি ৪.কাঞ্চনপুর সপ্রাবি ৫.কুটিরহাট সপ্রাবি ৬.হোগলাকান্দি সপ্রাবি ৭. রামকৃষ্ণপুর সপ্রাবি ৮. বালুরচর সপ্রাবি ৯. লটাখোলা সপ্রাবি ১০ পাঠানকান্দি সপ্রাবি ১১. হালুয়াঘাটা সপ্রাবি ১২. বয়ড়া দাসকান্দি সপ্রাবি ১৩. বয়ড়া ভাটিকান্দি সপ্রাবি ১৪. বয়ড়া মধ্যকান্দি সপ্রাবি ১৫. দড়িকান্দি সপ্রাবি ১৬. সুতালডা সপ্রাবি ১৭. সুতালডা রামচন্দ্রপুর সপ্রাবি ১৮. ডুবাইল সপ্রাবি ১৯. আজিমনগর সপ্রাবি ২০. সৈয়দনগর সপ্রাবি ২১. চর মুকুন্দিয়া সপ্রাবি ২২. আইলকুন্ডি সপ্রাবি ২৩. আলীনগর সপ্রাবি ২৪. হারুকান্দি সপ্রাবি ২৫. ফৈজনগর সপ্রাবি ২৬. ভাওয়ারডাঙ্গী সপ্রাবি।

১। আগামী ২৩/০৯/২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জকে সম্বোধন করে নির্ধারিত চাকরির আবেদন ফরম স্বহস্তে / টাইপকৃত স্পষ্টাক্ষরে পূরণ পূর্বক সরাসরি অথবা ডাকযোগে উপজেলা শিক্ষা অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ বরাবর পৌছাতে হবে। নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত দরখাস্তসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে। সীলমোহরকৃত ফরমটি উপজেলা শিক্ষা অফিস, হরিরামপুর হতে সংগ্রহ করা যাবে।

২। আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম ও বিদ্যালয়ের নাম (যে বিদ্যালয়ে আবেদন করবেন) উল্লেখ করতে হবে।

৩। আবেদনের সাথে ১ম শ্রেণীর কর্মকর্তার দ্বারা শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র / জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, সদ্যতোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদপত্র, চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

৪। সাধারণ প্রার্থীর ক্ষেত্রে ০১/০৯/১৮ তারিখে বয়স ১৮. হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র / কন্যার পুত্র/কন্যা হলে ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।


৫। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখপূর্বক ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫ x ৪.৫ সাইজের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬। আবেদনকারীকে নৈশ প্রহরীর জন্য উপযুক্ত, সাইকেল চালনায় পারদর্শী ও সুঠাম দেহের অধিকারী হতে হবে।

৭। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিদ্যমান বিধিবিধান ও নীতিমালা অনুসরণ করা হবে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
(হাসিনা আক্তার পারভীন)  
উপজেলা শিক্ষা অফিসার

ও  
সদস্য সচিব  
দপ্তরী কাম-প্রহরী নিয়োগ কমিটি  
হরিরামপুর, মানিকগঞ্জ।